

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।  
(রাজস্ব শাখা)  
[www.faridpur.gov.bd](http://www.faridpur.gov.bd)

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ২০ একরের উর্ধ্বে (বদ্ধ) জলমহাল হতে  
খাস আদায় ব্যবস্থাপনার নিমিত্ত আবেদন আহবান বিজ্ঞপ্তি**

২৭/০২/২০২৩ তারিখ জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদ অনুযায়ী ফরিদপুর জেলা অ-ইজারাকৃত ২০ একরের উর্ধ্বের জলমহালসমূহ বাংলা ১৪৩০ সনের জন্য অনলাইনে ইজারা প্রদান করা সম্ভবপ্রয়োগ না হওয়ায় ভূমি মন্ত্রণালয়ের পরিবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল বাংলা ১৪৩০ সনের ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য  
খাস আদায় ব্যবস্থাপনার নিমিত্ত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্যজীবি সংগঠনের নিকট হতে সীলগালায়ুক্ত মুখবন্ধ খামে নিম্নোক্ত পর্যায় ও  
শর্তাবধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য খাস আদায়যোগ্য জলমহালের তালিকা:**

ক্র. নং	উপজেলা	জলমহালের নাম	আয়তন (একর)	সরকারি ইজারা মূল্য	মন্তব্য
০১	মধুখালী	চরপুরুরিয়া-১ম কোল	৬৮.৯৯	৯৬,৪৩৫/-	
০২		চরপুরুরিয়া-২য় কোল	৯৩.৭১	৩,৮০,৯৮৮/-	
০৩	নগরকান্দা	ঘোড়ামারা বিল	২১.০০	২৭,৯৭৯/-	
০৩	চরভদ্রাসন	লোহারটেক কোল	২৮.২৮	২,০০,৫৫০/-	

**আবেদন দাখিলের সময় সূচি:**

পর্যায়	আবেদন ফরম ফ্রয়ের শেষ তারিখ ও সময়	আবেদন দাখিলের শেষ তারিখ ও সময়	আবেদন খোলার তারিখ ও সময়	আবেদনপত্র ক্রয় ও দাখিলের স্থান
১ম	২২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ অফিস সময় পর্যন্ত	২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ বেলা ২.০০টা	২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ বেলা ২.৩০ মিনিট	জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, ফরিদপুর।
২য়	০২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ অফিস সময় পর্যন্ত	০৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ বেলা ২.০০টা	০৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ বেলা ২.৩০মিনিট	জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, ফরিদপুর।

**শর্তাবলী**

- ০১। প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সংগঠনকে নিবন্ধন সনদ সহকারে আবেদন করতে হবে।
- ০২। সর্বোচ্চ দরদাতা বিবেচিত হওয়া সমিতি/সংগঠনকে বিধি মোতাবেক আবেদন অনুমোদনের ৩(তিনি) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ নিজ উদ্যোগে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মূল্য পরিশোধে ব্যর্থ হলে সরাসরি উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাবদ দাখিলকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ০৩। ৩০ শে চৈত্র ১৪৩০ বাংলা সনের পর কোন প্রকার দায় দায়ী বা ক্ষতিপূরণ দায়ী গ্রহণযোগ্য হবে না।
- ০৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসক, ফরিদপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফ্ট(যে কোন তফশীল ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদনে উল্লিখিত মূল্যের ২০% জামানত হিসেবে জেলা প্রশাসক, ফরিদপুর এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন, যা পরবর্তীতে সমন্বয়/ফেরতযোগ্য। জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট এ সঠিকভা যাচাই এর ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৫। আবেদনকারী মা মাছ/তিমওয়ালা মাছ শিকার করতে পারবেন না। জলমহাল সেচ করে শুকিয়ে বা নিষিক্ষ ঘোষিত কোন জাল দিয়ে মৎস্য আহরণ করতে পারবেন না।
- ০৬। সংশ্লিষ্ট উপজেলার খাস আদায় কমিটির তত্ত্ববধানে মৎস্য আহরণ করতে হবে।
- ০৭। সময়মত খাস আদায়ের অর্থ পরিশোধ না করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে প্রদত্ত খাস আদায় কোন কারণ দর্শনো ব্যতিরেকেই বাতিলযোগ্য হবে বা সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে খাস আদায় বাতিল বলে গণ্য হবে। সর্বোচ্চ মূল্যদাতাকে দাখিলকৃত মূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।
- ০৮। (ক) খাস আদায় বাতিলকৃত জলমহাল বিধি মোতাবেক পুন: ইজারা/বন্দেৰোষ্ট প্রদান করা হবে।  
(খ) খাস আদায় মেয়াদ শেষ হলে মৎস্য আহরণের জন্য অতিরিক্ত কোন সময় মঙ্গুর করা যাবে না।
- ০৯। কর্তৃপক্ষ যে কোন আবেদন প্রাপ্তি/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। জলমহাল বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ/আগীল বিভাগ/ বিজ্ঞ দেওয়ানী আদালত/ ভূমি মন্ত্রণালয়/ভূমি আগীল বোর্ড/ বিজ্ঞ রাজস্ব আদালতে দায়েরী মোকদ্দমায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সে ক্ষেত্রে আদায় কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ নিষ্পত্তি/প্রত্যাহারের পর পরিচালিত হবে।
- ১১। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এবৃপ্ত করা হলে বাতিল করা হবে।
- ১২। জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।
- ১৩। যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখানে থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিস্তৃত করা যাবে না। খাস আদায় নিমিত্ত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

- ১৪। বর্তমান প্রচলিত নীতি এবং বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন নিয়োজিত সমিতি মানতে বাধ্য থাকবেন। সরকার প্রয়োজনবোধে যে কোন সময় খাস আদায় কার্যক্রম বক্তব্য/বাতিল করতে পারবেন। এতে কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

(মো: কামরুল আহসান তালুকদার পিএএ)

জেলা প্রশাসক

ফরিদপুর।

ও

সভাপতি

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

১৭ ফাল্গুন ১৪২৯ বঙাব্দ

তারিখ:

১২ মার্চ ২০২৩ খ্রিষ্টব্দ

স্মারক নং ০৫.১২.২৯০০.০১৪.৩৬.০০১.২৩. ১২৮(৮০)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যোতির ক্রমানুসারে নয়)

- ০৩। পুলিশ সুপার, ফরিদপুর।  
 ০৪। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর।  
 ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফরিদপুর।  
 ০৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর।  
 ০৭। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর।  
 ০৮। বিভাগীয় বন কর্মকর্তা, ফরিদপুর।  
 ০৯। উপজেলা নির্বাহী অফিসার, ..... ফরিদপুর (সকল)। বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য এবং .....টি আবেদন ফরম বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো।  
 ১০। জেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর।  
 ১১। জেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর।  
 ১২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর।  
 ১৩। সহকারী কমিশনার (ভূমি) ..... (সকল) ফরিদপুর। বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের নিমিত্ত ইউনিয়ন ভূমি অফিসসমূহের এবং ইউনিয়ন পরিষদ অফিসসমূহে বিতরণের জন্য প্রেরণ করা হলো।  
 ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।  
 ১৫। জেলা তথ্য অফিসার, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
 ১৬। সম্পাদক, দৈনিক....., তার পত্রিকায় ১ (এক) দিনের জন্য ১০" × ৩" কলামে আগামী...../০৩/২০২৩ তারিখ ডিতরের পাতায় প্রকাশের অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি বিজ্ঞাপন বিলসহ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।  
 ১৭। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, উপজেলা..... ফরিদপুর।  
 ১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা ..... ফরিদপুর।  
 ১৯। জনাব .....  
 ২০। অফিস কপি।

০২.০৬.২০  
রেভিন্ড ডেপুটি কালেক্টর  
ফরিদপুর।

ফোন- ০২৪৭৮৮০২৪৩২  
(E-mail: [revsecfpur@gmail.com](mailto:revsecfpur@gmail.com))